# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 04 May, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলায় চলমান এসএসসি পরীক্ষায় অসৎ উপায় অবলম্বনের অভিযোগে তিনজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।শনিবার (৪ মে) সকালে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়ে এসব অনিয়ম উদঘাটন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আশরাফুল আলম রাসেল।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে আহমদ নগর উচ্চ বিদ্যালয়ের দুইজন শিক্ষার্থী রয়েছেন, যাদের রোল নম্বর ৭৩১৩৩৩ ও ৯০৯৩৭৮।এছাড়া বনগাঁ জনতা উচ্চ বিদ্যালয়ের কারিগরি শাখার এক পরীক্ষার্থী (রোল নম্বর: ৭৩২৭৩৫) পরীক্ষাকেন্দ্রে নকল করার দায়ে বহিষ্কৃত হন।

ইউএনও আশরাফুল আলম রাসেল সাংবাদিকদের জানান, “পরীক্ষা চলাকালীন নকলের প্রমাণ পাওয়ায় আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিয়েছি। একটি সুষ্ঠু, নকলমুক্ত পরীক্ষা নিশ্চিত করতে প্রশাসনের তৎপরতা অব্যাহত থাকবে।”

এদিকে প্রশাসনের কঠোর পদক্ষেপে অভিভাবক ও শিক্ষকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে।সবার দাবি, পরীক্ষার পরিবেশ সুষ্ঠু রাখতেই নিয়মিত মনিটরিং ও শৃঙ্খলা জরুরি।

পরীক্ষার্থী শিক্ষার্থী সাংবাদিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:09

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758071904